**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 19-03-2026** **Desk in Charge: SDG**
**Time: 7-35 AM** **Compiling: Priya B.**
**DEO: KB** **NRT: Priya B.**
**Announcement :-** আকাশবাণী /খবর পড়ছিঃ–

বিশেষ বিশেষ খবর –

১/ নির্বাচন কমিশন, রাজ্যের ১৫ জন শীর্ষ পুলিশ আধিকারিককে ভোটমুখী তামিলনাড়ু ও কেরালায়, পর্যবেক্ষক হিসেবে নিয়োগ করেছে।
২/ ১২ জন নবনিযুক্ত জেলা নির্বাচনী আধিকারিককে, আজকের মধ্যে দায়িত্ব গ্রহণের নির্দেশ নির্বাচন কমিশনের।
৩/ রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতি নিয়ে CEO দপ্তরের বৈঠকে, প্রতি দফায় প্রায় আড়াই হাজার কোম্পানী কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের প্রাথমিক রূপরেখা তৈরী হয়েছে বলে জানা গেছে।
৪/ বিচারাধীন ভোটারদের অতিরিক্ত তালিকা প্রকাশ নিয়ে আজ ফের কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি সুজয় পাল, আজ ফের নির্বাচনের সঙ্গে সংশ্লিষ্ট আধিকারিকদের সঙ্গে বৈঠকে বসছেন।
৫/ কেন্দ্রের সলিসিটার জেনারেল তুষার মেহেতা অভিযোগ করেছেন, রাজ্য সরকার আইপ্যাক মামলা অহেতুক পেছাতে চাইছে। # তদন্ত চলাকালীন সেখানে মুখ্যমন্ত্রীর ঢুকে পড়াটা ‘অনভিপ্রেত’ ঘটনা বলে সুপ্রিম কোর্ট মন্তব্য করেছে।

৬/ রাজ্যের কয়েকটি জেলায় আজ বিক্ষিপ্তভাবে বৃষ্টির সম্ভাবনা।

*********************************************************************

নির্বাচন কমিশন, বিধান নগর ও শিলিগুড়ির পুলিশ কমিশনার সহ ১৫ জন শীর্ষ পুলিশ আধিকারিককে ভোটমুখী তামিলনাড়ু ও কেরালায়, পর্যবেক্ষক হিসেবে নিয়োগ করেছে। অবিলম্বে তাঁদের দায়িত্ব গ্রহণের নির্দেশ দেওয়া হয়েছে।

এই তালিকায় রয়েছেন, রশিদ মুনির খান, সন্দীপ কাররা, প্রিয়ব্রত রায়, প্রবীণ কুমার ত্রিপাঠী, মুকেশ, মুরলীধর শর্মা, ইন্দিরা মুখোপাধ্যায়, ধৃতিমান সরকার, সি সুধাকর, ভাস্কর মুখোপাধ্যায়, অভিজিৎ বন্দ্যোপাধ্যায়, আমনদীপ, আকাশ মাঘারিয়া, অলোক রাজোরিয়া এবং সৈয়দ ওয়াকার রাজা।

ভোট ঘোষণার পর এই আইপিএস আধিকারিকদের নিজের পদ থেকে সরিয়ে দিয়েছিল কমিশন। যদিও রাজ্য সরকারের তরফে ফের তাঁদের অন্যত্র নিয়োগ করা হয়। বিধান নগরের পুলিশ কমিশনার মুরলীধর শর্মা ও শিলিগুড়ির পুলিশ কমিশনার সৈয়দ ওয়াকার রাজা ও আমনদীপ-কে তামিলনাড়ুর পর্যবেক্ষক নিযুক্ত করা হয়েছে। এছাড়াও নির্বাচন কমিশন নতুন করে রাজ্যের আইপিএস আধিকারিক অভিজিৎ বন্দ্যোপাধ্যায়, ধৃতিমান সরকারকে কেরালা-য়, সন্দীপ কাররাকে নাগাল্যান্ড উপনির্বাচনে পুলিশ পর্যবেক্ষক হিসেবে নিয়োগ করেছে।

*****************************

রাজ্য পুলিশের পাঁচ রেঞ্জের DIG-র পর গতকাল একইদিনে মালদা-মুর্শিদাবাদ সহ ১০’টি জেলার জেলাশাসক তথা জেলা নির্বাচনী আধিকারিককে সরিয়ে দিয়েছে নির্বাচন কমিশন। একইসঙ্গে কলকাতা উত্তর ও দক্ষিণের জেলা নির্বাচনী আধিকারিকদের বদল করা হয়েছে। নির্বাচন কমিশনের নির্দেশিকা অনুসারে, কোচবিহারের নতুন জেলাশাসক হয়েছেন- জিতিন যাদব। জলপাইগুড়িতে-সন্দীপ ঘোষ, উত্তর দিনাজপুরে-বিবেক কুমার, মালদায়-রাজনবীর সিং কাপুর, মুর্শিদাবাদে- আর অর্জুন, নদিয়ায়-শ্রীকান্ত পাল্লি, পূর্ব বর্ধমানে-শ্বেতা আগরওয়াল, উত্তর ২৪ পরগনায়-শিল্পা গৌরিসারিয়া, দক্ষিণ ২৪ পরগনায়-অভিষেক কুমার তিওয়ারি, দার্জিলিং-এ হরিশঙ্কর পানিক্কার-কে দায়িত্ব দেওয়া হয়েছে।

এদিকে, **কলকাতা পুরসভার** নতুন কমিশনার স্মিতা পান্ডেকে কলকাতা উত্তরের DEO হিসেবে নিয়োগ করা হয়েছে। কলকাতা দক্ষিণের জেলা নির্বাচনী আধিকারিক করা হয়েছে রণধীর কুমারকে।

উল্লেখ্য, কলকাতায় জেলাশাসক না থাকায়, নিয়ম অনুযায়ী IAS পদমর্যাদার আধিকারিককে DEO-র দায়িত্ব দেওয়া হয়। সম্প্রতি নির্বাচন কমিশন জানায়, পুরসভার কমিশনারই উত্তর কলকাতার DEO হিসেবে নিযুক্ত হবেন।

অবিলম্বে এই নির্দেশ কার্যকর করতে এবং সংশ্লিষ্ট আধিকারিকদের যোগদানের রিপোর্ট **আজ বিকেল ৩টের মধ্যে** জমা দিতে বলেছে কমিশন।

এর আগে রাজ্যের পাঁচ DIG-কে বদল করে নতুন আধিকারিকদের দায়িত্ব দেওয়ার বিষয়ে নির্দেশিকা জারি করে কমিশন। এই নির্দেশ অনুযায়ী, অমিতকুমার ভারত-কে রায়গঞ্জে, অজিত সিং যাদবকে মুর্শিদাবাদ ও শ্রীহরি পান্ডেকে বর্ধমানে, কঙ্কর প্রসাদ বারুইকে প্রেসিডেন্সি রেঞ্জে, এবং অঞ্জলি সিংকে জলপাইগুড়ির DIG করা হয়েছে।
**সংশ্লিষ্ট আধিকারিকদের যোগদানের রিপোর্ট, আজ সকাল ১১-টার মধ্যে জমা দিতে বলেছে কমিশন।**
জেলাশাসক ও DIG - দুটি ক্ষেত্রেই যাঁদের পদ থেকে সরানো হয়েছে, নির্বাচন প্রক্রিয়া শেষ না হওয়া পর্যন্ত, তাঁদের ভোট সংক্রান্ত কোন দায়িত্বে রাখা যাবে না বলেও কমিশন স্পষ্ট জানিয়েছে।

***************************

রাজ্য পুলিশ প্রশাসনের ব্যাপক রদবদল নিয়ে নির্বাচন কমিশনের পদক্ষেপকে স্বাগত জানিয়েছে রাজ্য **বিজেপি**। দলের রাজ্য মুখপাত্র দেবজিৎ সরকার গতকাল সাংবাদিক বৈঠকে বলেন, বর্তমান পরিস্থিতিতে এই সিদ্ধান্ত একেবারেই সঠিক।

( বাইট - দেবজিৎ )

এদিকে, জেলাশাসকদের রদবদলে নির্বাচন কমিশনের ভূমিকায় সরব হয়েছে **তৃণমূল** কংগ্রেস। শাসক দলের এক্স হ্যান্ডেলে এক পোস্টে লেখা হয়েছে যে সমস্ত

জেলাশাসককে কমিশন সরিয়েছে তাঁরা অত্যন্ত দক্ষ। রাজ্যের সঙ্গে কোনোরকম আলোচনা না করেই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে উল্লেখ করা হয়েছে ওই পোস্টে।

***************************

রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনে প্রতি দফায় প্রায় আড়াই হাজার কোম্পানী কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের প্রাথমিক রূপরেখা তৈরী হয়েছে বলে জানা গেছে।

নির্বাচনের প্রস্তুতি খতিয়ে দেখতে গতকাল রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল উচ্চপর্যায়ের বৈঠক করেন। উপস্থিত ছিলেন রাজ্যের বিশেষ পর্যবেক্ষক এন কে মিশ্র, রাজ্য পুলিশের মহানির্দেশক সিদ্ধিনাথ গুপ্তা, আইনশৃঙ্খলা বিভাগের ADG অজয়-মুকুন্দ রাণাডে, কলকাতা পুলিশের কমিশনার অজয় কুমার নন্দ প্রমুখ।

ভোটের আগে আইনশৃঙ্খলা পরিস্থিতি, বৈঠকে খতিয়ে দেখা হয়। অতীতে অশান্তির ইতিহাস আছে, এমন বুথগুলিকে চিহ্নিত করে অতিরিক্ত বাহিনী রূপায়ণের পরিকল্পনা নেওয়া হয়েছে। ভোটারদের নিরাপত্তাই সর্বোচ্চ অগ্রাধিকার বলে কমিশনের তরফে স্পষ্ট জানানো হয়েছে।

***************************

রাজ্যে SIR প্রক্রিয়া নিয়ে আজ ফের কলকাতা হাইকোর্টে বিশেষ বৈঠক ডেকেছেন প্রধান বিচারপতি সুজয় পাল। **স্বরাষ্ট্র সচিব সংঘমিত্রা ঘোষ, রাজ্য পুলিশের মহানির্দেশক সিদ্ধিনাথ গুপ্তা এবং কলকাতা পুলিশ কমিশনার অজয় কুমার নন্দ**, বৈঠকে উপস্থিত থাকবেন। 'বিচারাধীন' ভোটারদের প্রথম অতিরিক্ত তালিকা প্রকাশের আগে এই বৈঠকে নিরাপত্তা সংক্রান্ত বিষয় নিয়ে আলোচনা হবে বলে সূত্রের খবর।

এর আগে গত মঙ্গলবার কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতির নেতৃত্বে আয়োজিত বৈঠকে যোগদানের পর নির্বাচন কমিশন নিযুক্ত বিশেষ পর্যবেক্ষক সুব্রত গুপ্ত জানিয়েছিলেন, চলতি সপ্তাহেই অতিরিক্ত তালিকা প্রকাশিত হতে পারে।

***************************

রাজ্যের বিভিন্ন দুর্গম ও প্রান্তিক এলাকায় অবস্থিত ভোটকেন্দ্রগুলিতে, নির্বিঘ্নে ভোট গ্রহণের জন্য নির্বাচন কমিশন আগাম প্রস্তুতি শুরু করেছে। দুর্গম পাহাড়ি এলাকা ও সুন্দরবনের নদীঘেরা প্রত্যন্ত বুথে, ভোটকর্মীদের নিরাপদ ও সময়মতো পৌঁছে দিতে বিশেষ পরিকল্পনা নিয়েছে কমিশন।

দার্জিলিং বিধানসভা কেন্দ্রের তিনটি ভোটকেন্দ্র—**দারাগাঁও** জুনিয়র হাইস্কুল, **রাম্মাম** ফরেস্ট প্রাইমারি স্কুল এবং **সামানডেন** ফরেস্ট প্রাইমারি স্কুল—অত্যন্ত দুর্গম এলাকায় অবস্থিত। এই কেন্দ্রগুলিতে পৌঁছতে কঠিন পাহাড়ি পথ অতিক্রম করতে হয়। সেই কারণে সংশ্লিষ্ট ভোটকর্মীদের ভোটের দু'দিন আগেই রওনা দিতে হবে। পাহাড়ি পথে চলাচলের উপযুক্ত যানবাহনের পাশাপাশি খচ্চরের সাহায্যেও সরঞ্জাম পাঠানোর পরিকল্পনা করা হয়েছে। ভোটগ্রহণ শেষে পরদিন, ধাপে ধাপে ফিরতে হবে কর্মীদের।

অন্যদিকে, উত্তর ২৪ পরগনার **সন্দেশখালি** ও **হিঙ্গলগঞ্জ** এবং দক্ষিণ ২৪ পরগনার **গোসাবা** বিধানসভা কেন্দ্রের মোট ৪৩৯টি ভোটকেন্দ্র সুন্দরবনের নদীবেষ্টিত অঞ্চলে অবস্থিত। এখানে যাতায়াত সম্পূর্ণ নির্ভর করে জোয়ার-ভাটার উপর। ফলে ভোটকর্মীদের লঞ্চ বা নৌকায় করে যাতায়েত করতে হয়। এক্ষেত্রেও ভোটকর্মীরা দুদিন আগেই ডিসপার্সাল সেন্টারে হাজির হবেন।

*****************************

CPIM মুর্শিদাবাদ জেলা সম্পাদক জামির মোল্লা এবং জেলা সম্পাদকমণ্ডলীর সদস্য ইকবাল হক, আসন্ন বিধানসভা নির্বাচনে প্রার্থী হয়েছেন। কিন্তু তাঁদের নাম SIR-এর বিচারাধীন নামের তালিকায় থাকায়, কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন তাঁরা।

প্রধান বিচারপতি সুজয় পাল এবং বিচারপতি পার্থ সারথি সেনের ডিভিশন বেঞ্চে মামলা দায়েরের আবেদন জানান তাঁরা। কিন্তু, SIR মামলা সুপ্রিমকোর্টে বিচারাধীন থাকায়, প্রধান বিচারপতির বেঞ্চ আপাতত তা' গ্রহণ করেন নি।

*****************************

আজকের প্রসঙ্গের এবারের বিষয় 'ঋতু পরিবর্তনের সন্ধিক্ষণে স্বাস্থ্য সচেতনতা' । এই নিয়ে বিশিষ্ট জনস্বাস্থ্য বিশেষজ্ঞ ডাক্তার কাজল কৃষ্ণ বণিকের সঙ্গে কথা বলেছেন কাশফিন নাহার।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ( ১৯/০৩/২৬) রাত ৮টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

***************************

কেন্দ্রের সলিসিটর জেনারেল তুষার মেহেতা অভিযোগ করেছেন, রাজ্য সরকার আইপ্যাক মামলা অহেতুক পেছোতে চাইছে। বিচারপতি প্রশান্ত কুমার মিশ্রা ও বিচারপতি এনভি আনজারিয়ার বেঞ্চে গতকাল এসংক্রান্ত মামলার শুনানিতে ইডির হলফনামার পালটা হলফনামা দিতে রাজ্য সময় চাইলেও, সর্বোচ্চ আদালত সেই অনুমতি দেয়নি। **আগামী মঙ্গলবার** মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির পক্ষে আইনজীবী কপিল সিব্বল তাঁর বক্তব্য জানাবেন। ইডির তদন্ত চলাকালীন সেখানেই মুখ্যমন্ত্রীর ঢুকে পড়া, **'অনভিপ্রেত ঘটনা'** বলেও জানায় বেঞ্চ।

এদিনের শুনানিতে রাজ্যের আইনজীবী শ্যাম দেওয়ান, রাজনৈতিক পরামর্শদাতা সংস্থা আই প্যাক-এর কর্ণধার প্রতীক জৈনের বাড়িতে ও অফিসে তল্লাশির ঘটনায় সুপ্রিমকোর্টে ইডির দায়ের করা মামলার গ্রহনযোগ্যতা নিয়ে প্রশ্ন তোলেন। ইডি যে জবাবি হলফনামা দিয়েছে তাতে কিছু নতুন বিষয় থাকায় রাজ্যের পক্ষ থেকে পাল্টা হলফনামা দেওয়ার জন্য অতিরিক্ত সময় চাওয়া হলেও, কেন্দ্রের সলিসিটর জেনারেল তুষার মেহেতা তার বিরোধিতা করেন।

রাজ্যের আইনজীবী বলেন, সংবিধানের ১৪৩ নম্বর অনুচ্ছেদের আওতায় এই ধরনের মামলার শুনানি ৫ বিচারপতির বেঞ্চে হওয়া উচিত। মৌলিক অধিকার শুধুমাত্র ব্যক্তির ক্ষেত্রেই প্রযোজ্য। কিন্তু ব্যক্তির বাইরে এই মামলা করার কোনও অধিকারই কারও নেই বলে রাজ্যের তরফে দাবি করা হয় ।

***************************

রোগী সুরক্ষায় অগ্নিকান্ড রুখতে স্বাস্থ্য দপ্তর, রাজ্যের সব সরকারি হাসপাতাল ও মেডিকেল কলেজগুলিতে থাকা বাতিল জিনিসপত্র দ্রুত সরিয়ে ফেলার নির্দেশ দিয়েছে। স্বাস্থ্য ভবন থেকে জারি করা এক নির্দেশিকায় জানানো হয়েছে, হাসপাতালের বেসমেন্টে

কোন দাহ্য পদার্থ জমা রাখা যাবে না। ওয়ার্ড-এর মধ্যে এসি মেশিন ঠিকভাবে বন্ধ এবং সেগুলি নিয়মিত রক্ষণাবেক্ষণ করতে হবে।

প্রতিমাসের ৭ তারিখের মধ্যে হাসপাতালগুলির ফায়ার অডিট রিপোর্ট স্বাস্থ্য দপ্তরে জমা দিতে হবে বলে'ও নির্দেশিকায় জানানো হয়েছে।

***************************

একাদশ ও দ্বাদশ শ্রেণির শিক্ষক নিয়োগের জন্য, আগামী ২৪শে মার্চ ফের কাউন্সেলিং শুরু করবে স্কুল সার্ভিস কমিশন। প্রথম পর্যায় সাতটি বিষয়ে ১৮২ জনকে ইতিমধ্যেই এসএসসি সুপারিশ পত্র দিয়েছে। এক বিজ্ঞপ্তিতে এসএসসি জানিয়েছে, দ্বিতীয় পর্বে ১৭ ই এপ্রিল পর্যন্ত কাউন্সেলিং করে সুপারিশপত্র দেওয়া হবে।

১০টি বিষয়ের কাউন্সেলিংয়ের জন্য এই পর্যায়ে প্রায় ৩ হাজারের বেশি প্রার্থীকে ডাকা হয়েছে। কমিশনের ওয়েবসাইট থেকে 'ইন্টিমেশন লেটার' ডাউনলোড করে প্রার্থীদের নিয়ে যেতে হবে বলে বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

অন্যদিকে, ২৩ শে মার্চ থেকে নবম-দশম শ্রেণির শিক্ষক নিয়োগের জন্য প্রার্থীদের তথ্য যাচাই ও ইন্টারভিউ হবে।

***************************

ব্রিগেড গত শনিবার প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সভার দিন উত্তর কলকাতার গিরিশ পার্কে অশান্তির ঘটনায় ফের কলকাতা পুলিশের কাছে রিপোর্ট তলব করেছে নির্বাচন কমিশন। কেন সেখানে ঐদিন কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হয়নি, তা নিয়ে এর আগেও তৎকালীন পুলিশ কমিশনার সুপ্রতিম সরকারের কাছ থেকে রিপোর্ট তলব করা হয়েছিল। কিন্তু সেই রিপোর্ট অসম্পূর্ণ বলে উল্লেখ করে ফের তা' দিতে বলেছে কমিশন।

উল্লেখ্য, ওইদিন বিজেপি কর্মী সমর্থকদের ব্রিগেডমুখী বাসে তৃণমূল কংগ্রেস অনুগামীরা হামলা চালায় বলে অভিযোগ। পাল্টা তৃণমূলের দাবী, বিজেপি'ই, মন্ত্রী শশী পাঁজার বাড়িতে ঢুকে ভাঙচুর করে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে গিয়ে আহত হন বেশ কিছু পুলিশ কর্মী'ও।

**************************

**চৈত্র নবরাত্রির আজ প্রথম দিন। চলবে ২৭ শে মার্চ পর্যন্ত। এই উপলক্ষে উপবাস করে ব্রত উদযাপন করা হয়। ন'দিন ব্যাপী এই উৎসবে দেবী দুর্গা ন'টি রূপে পূজিত হন।**

**************************

রাজ্যে আজ কয়েকটি জেলায় বিক্ষিপ্তভাবে বৃষ্টির সম্ভাবনা রয়েছে। পুরুলিয়া, ঝাড়গ্রাম, পশ্চিম মেদিনীপুর, পূর্ব বর্ধমান এবং দক্ষিণ ২৪ পরগনায় দমকা হাওয়া ও বজ্র বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টি হতে পারে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। তবে আগামীকাল থেকে দক্ষিণবঙ্গে বৃষ্টির পরিমাণ বাড়বে। আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে, ২৪ দশমিক ৭ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে ১ দশমিক ১ ডিগ্রি বেশি।

*******************************************************************